শেখ হাসিনা-দিল্লির পৃষ্ঠপোষকতায় সন্ত্রাস চলছে: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও দিল্লির পৃষ্ঠপোষকতায় বাংলাদেশে সন্ত্রাসী কর্মকাণ্ড চালানো হচ্ছে বলে অভিযোগ করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। এসব কর্মকাণ্ডে জড়িতদের আইনের আওতায় আনার কথা জানিয়ে তিনি বলেন, আতঙ্ক ছড়িয়ে কেউ সফল হবে না।

মঙ্গলবার (২৪ নভেম্বর) সাংবাদিকদের সঙ্গে এক ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, সন্ত্রাসী কর্মকাণ্ড ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর চেষ্টা সরকার বরদাশত করবে না। এ ধরনের কর্মকাণ্ডে জড়িতদের কোনো ছাড় দেওয়া হবে না।

আগামী ১৬ ডিসেম্বর শেখ হাসিনার দেশে ফেরার খবর নিয়ে প্রশ্ন করা হলে হুমায়ুন কবির বলেন, অর্থের বিনিময়ে নানা ধরনের সংবাদ প্রকাশ করানো সম্ভব। তবে সেসব খবরের সঙ্গে বাস্তবতার মিল থাকতে হবে। শেখ হাসিনা সাধারণ যাত্রী হিসেবে দেশে ফিরতে পারবেন না বলেও মন্তব্য করেন তিনি। তাঁকে হাতকড়া পরিয়ে দেশে ফিরিয়ে আনার কথাও বলেন প্রতিমন্ত্রী।

তিনি আরও বলেন, জনগণের ভোটে নির্বাচিত সরকার দেশের মানুষের সমর্থনের ওপর আস্থাশীল। সন্ত্রাস ও অস্থিতিশীলতা সৃষ্টির সঙ্গে জড়িতদের চিহ্নিত করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে তুলে দেওয়া হবে।

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নেবে জানিয়ে তিনি বলেন, যেকোনো সন্ত্রাসী কর্মকাণ্ডের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

ব্রিফিংয়ে চীন, জাপান, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ভারতসহ দক্ষিণ এশিয়া, পূর্ব এশিয়া ও ইউরেশিয়ার প্রায় ৬০টি মিশনের প্রধান এবং জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সরকারের পক্ষে উপস্থিত ছিলেন আইনমন্ত্রী আসাদুজ্জামান এবং টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম।